



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা



“দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে রাজ্যমাটির ঘাগড়ায় বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)” প্রকল্পের ৫ম পিআইসি সভার কার্যবিবরণী সংক্রান্ত।

সভাপতি	গৌতম কুমার মহাপরিচালক
সভার তারিখ	২৪/১০/২০২১খ্রিঃ।
সভার সময়	বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান	শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ (লেভেল ১৯)।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ আরম্ভ করেন।

প্রথমেই প্রকল্পের বিগত ২৯/০৩/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ৪র্থ PIC সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ সভায় নির্ধারিত আলোচ্যসূচি মতে প্রণীত কার্যপত্র উপস্থাপন করেন এবং নিম্নরূপ আলোচনা শুরু করেনঃ

আলোচনা:২. প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি

২.১: প্রকল্পের ভৌত কাজের অগ্রগতি: প্রকল্প কাজের ভৌত কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ভৌত অবকাঠামোতে নির্মাণ কাজের ইতোমধ্যে ৯৮% কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্প সাইটে আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি সরবরাহের কাজ চলমান। প্রকল্প মেয়াদের মধ্যে অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০২১ মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত হবে বলে তিনি সভাকে জানান।

২.২: আর্থিক অগ্রগতি: প্রকল্প কাজের আর্থিক কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের অনুকূলে ক্রমপুঞ্জিত ব্যয় ৫০০১.৯০ লক্ষ টাকা। অবশিষ্ট ১১৬৭.২১ লক্ষ টাকা। প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ আছে ১২০০.০০ লক্ষ টাকা। ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা বিল দাখিল না করার কারণে কোন অর্থ ব্যয় হয় নাই। সভায় অবশিষ্ট বিল দাখিলের দ্রুত ব্যবস্থা নিতে সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়।

৩.০০ বিবিধ আলোচনা:

প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জনসচেতনতার সৃষ্টির জন্য স্থানীয় জনগন ও জনপ্রতিনিধিদের নিয়ে এক দিনের একটি সেমিনার আয়োজন করার সংস্থান রয়েছে। এবিষয়ে সভাপতি মহোদয় বলেন নভেম্বরের শেষ সপ্তাহে সেমিনারটি আয়োজন করার উদ্যোগ গ্রহন করা যেতে পারে। তাছাড়া সেমিনার আয়োজনের পূর্বেই ঘাগড়া শ্রম কল্যাণ কেন্দ্রের রাজস্ব খাতের আওতায় প্রয়োজনীয় জনবল নিয়োগের ব্যবস্থা নিতে শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের আগামী PSC সভায় সদয় অনুমোদনের জন্য নিম্নরূপ সুপারিশ করেনঃ

৪. সুপারিশসমূহ:


৪.১ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে হবে।

৪.২ ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রকল্পের সকল ক্রয় কাজ সমাপ্ত করতে হবে।

৪.৩ ৩০নভেম্বর ২০২১ এর শেষ সপ্তাহে সেমিনার আয়োজনের প্রস্তুতি গ্রহন করতে হবে।

৪.৪ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রকল্প হস্তান্তরের পদক্ষেপ গ্রহন করতে হবে।

পরিশেষে সভাপতি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম আরো ত্বরান্বিত করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


গৌতম কুমার
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৪.০০১.১৭.২১১


তারিখ: ২৬ কার্তিক ১৪২৮

১১ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ (সেকশন-৫), শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩) মহাপরিচালক, (আরএন্ডআইসিটি), সেনা কল্যাণ সংস্থা, রাওয়া কমপ্লেক্স, ঢাকা।
- ৪) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
- ৫) যুগ্ম-প্রধান, একনেক অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা,
- ৬) যুগ্ম-প্রধান, প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ,
- ৭) উপ- প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮) প্রকল্প পরিচালক, সেনা কল্যাণ সংস্থা, বাংলাদেশ সেনাবাহিনী।
- ৯) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১০) উপ সচিব, বাজেট-১৩ শাখা, অর্থ বিভাগ
- ১১) অফিস কপি।


গৌতম কুমার
মহাপরিচালক